দামুড়হুদায় বাংলাদেশ জামায়াতে ইসলামী’র আয়োজনে বিজয় মিছিল

স্বাধীন বাংলাদেশে শেখ হাসিনার পদত্যাগে বাংলাদেশ আবার নতুন করে স্বাধীন হলো। মুখরিত মুহুর মুহুর স্লোগানে দামুড়হুদায় বাংলাদেশ জামায়াতে ইসলামী’র আয়োজনে বিজয় মিছিল ও শুকরানা নামাজ অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে শুকরানা নামাজ অনুষ্ঠিত হয়। নামাজ শেষে বিজয় মিছিল উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

শুকরানা নামাজ ও বিজয় মিছিলে প্রধান অতিথি’র বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা আমির মো: রুহুল আমিন। আরও বক্তব্য রাখেন দামুড়হুদা থানা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক তনু, জেলা নায়েবে আমির মাওঃ মো: আজিজুর রহমান, জেলা সেক্রেটারী এ্যাডঃ আসাদুজ্জামান দামুড়হুদা উপজেলা আমির মো: নায়েব আলী, উপজেলা নায়েবে আমির মো: নজরুল ইসলাম, উপজেলা সেক্রেটারী মাও মো: আব্দুল গফুর, উপজেলা সহকারী সেক্রেটারী মো: রফিকুল ইসলাম জিয়া, দামুড়হুদা ইউনিয়ন আমির মো: আবুল বাশার, হাউলী ইউনিয়ন আমির মো: ওবায়দুর রহমান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আমির মো: আব্দুর রশিদ, নাটুদা ইউনিয়ন আমির, মাওঃ ফজলুল হক, চুয়াডাঙ্গা জেলা শিবিরের সভাপতি মহশিন আলী।

এছাড়াও উপস্থিত ছিলেন মাওঃ আবু হানিফা, মো: মুহসিন আলী, এখতিয়ার রহমান শামসুজ্জুহা মাওঃ আব্দুল খালেক, মো: ইসমাঈল হোসেন, মো: আব্দুল গাফফার, মো: আবুস সাত্তার মো: হাবিবুর রহমান, মো: শামসুল ইসলাম, এ্যাড হাসিবুল ইসলাম সহ জামায়াতের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা সহকারী সেক্রেটারী মো: আবেদ উদ্দোলা।